

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই, সুনামগঞ্জ।
www.derai.sunamgani.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০২৯.০০০.১২.০০২.১৬-১১৪৪(৪০)

তারিখ : ১৮/১১/২০১৮ খ্রিঃ।

উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দিরাই, সুনামগঞ্জ।
সভার তারিখ : ১২ নভেম্বর ২০১৮ খ্রিঃ।
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মানব পাচার প্রতিরোধ বিষয়ক আলোচনার জন্য কমিটির সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিরাই কে অনুরোধ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|------------|---|--|---|
| ০১ | ইউনিয়ন পর্যায়ে মানব পাচার প্রতিরোধ কমিটি গঠন সংক্রান্ত | আলোচনা : উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বলেন যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল ইউনিয়ন পর্যায়ে পাচার প্রতিরোধ কমিটি দ্রুত গঠন করে গঠিত কমিটি নিয়মিত সভা অনুষ্ঠানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সিদ্ধান্ত : যে সকল ইউনিয়নে অদ্যাবদি কমিটি গঠিত হয়নি সে সকল ইউনিয়নে দ্রুত মানব পাচার প্রতিরোধ কমিটি গঠনপূর্বক নিয়মিত সভা অনুষ্ঠানের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২ | মানব পাচার সংক্রান্ত মামলা তদারকিকরণ | আলোচনা: সভাপতি বলেন দিরাই উপজেলা কোন মানব পাচার মামলা সম্পর্কে অফিসার ইনচার্জ, দিরাই থানার দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনায় অফিসার ইনচার্জ জানান যে, দিরাই থানায় মানব পাচার সংক্রান্ত কোন মামলা নাই। সিদ্ধান্ত : দিরাই উপজেলায় মানব পাচার সংক্রান্ত কোন গঠনা সংঘটিত হলে তৎক্ষণিক মামলা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নিষ্পত্তির জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, দিরাই থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, দিরাই থানা। |
| ০৩ | মানব পাচার প্রতিরোধে উদ্বুদ্ধকরণ সভা/সমাবেশ সংক্রান্ত | আলোচনা : সভাপতি মানব পাচার প্রতিরোধে মানুষকে সচেতন করার উপর গুরুত্বারোপ করেন। তিনি মানব পাচারের বিরুদ্ধে জন সচেতনতা বাড়ানোর লক্ষ্যে বিভিন্ন সভা সমাবেশ আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন। সিদ্ধান্ত :- মানব পাচার প্রতিরোধে বিভিন্ন সমাবেশের আয়োজনসহ আয়োজিত সমাবেশে জনসচেতনতা বৃদ্ধিমূলক বক্তব্য প্রদানের জন্য উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, দিরাই, সুনামগঞ্জ। |

সভায় ১১ কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মানব পাচার প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টিসহ গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটি
দিরাই, সুনামগঞ্জ।
মোবাঃ ০১৭৯৪৪৪৮৭৩২।
unodeari.su@gmail.com

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
- ৩। দিরাই, সুনামগঞ্জ।
- ৪। উপজেলা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
- ৫। অফিসার, ইনচার্জ, দিরাই থানা, সুনামগঞ্জ।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), দিরাই, সুনামগঞ্জ।
- ৭। জনাব দিরাই, সুনামগঞ্জ।
- ৮। অফিস কপি।